# M.A. Part - II Examination : 2020 (DDE)

**বাংলা**

**(অভ্যন্তরীণ মূল্যায়ন)**

সময়  : ২ ঘণ্টা পূর্ণমান : ৪০

[পঞ্চম ও ষষ্ঠ পত্রের প্রতিটি অর্ধ থেকে একটি করে এবং সপ্তম ও অষ্টম পত্রের ক্ষেত্রে আপনার নেওয়া বিশেষ পত্রের প্রতিটি অর্ধ থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট আটটি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্ন সমমান।  ৫ x ৮ = ৪০]

উত্তর A4 সাইজ সাদা পৃষ্ঠায় সর্বাধিক ১০ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। এই ১০ পৃষ্ঠাকে একটি PDF ফাইল তৈরি করে নির্দিষ্ট লিঙ্কে আপলোড করতে হবে।

**পঞ্চম পত্র**

**প্রথম অর্ধ**

**মান : ৫**

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দিন : ৫

ক) ‘ধ্বনিই কাব্যের আত্মা’–আলঙ্কারিকদের এই মতবাদের তাৎপর্যটি অতি সংক্ষেপে বুঝিয়ে দিন।

খ) রসসৃষ্টির প্রক্রিয়ায় সাধারণীকরণের গুরুত্ব সংক্ষেপে আলোচনা করুন।

গ) ষড়ঙ্গ শিল্প রূপে ট্রাজেডি বিষয়ে সংক্ষেপে আলোচনা করুন।

ঘ) “গরজের ফরমাশ যখন অত্যন্ত বড় হয়ে ওঠে তখন সাহিত্যে খর্বতার দিন আসে।”– রবীন্দ্রনাথের এই আশঙ্কার যাথার্থ্য বিচার করুন।

**দ্বিতীয় অর্ধ**

**মান : ৫**

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দিন : ৫

ক) রূপক-সাঙ্কেতিক নাটক কাকে বলে ? ‘রক্তকরবী’-কে রূপক-সাঙ্কেতিক নাটক বলা যায় কিনা অতি সংক্ষেপে লিখুন।

খ) ‘চোখের বালি’ উপন্যাসের পরিণতির শিল্পসার্থকতা  সংক্ষেপে আলোচনা করুন।

গ) ‘অতিথি’ গল্পের তারাপদ চরিত্র-পরিকল্পনার অভিনবত্ব সংক্ষেপে  আলোচনা করুন।  `

ঘ) ‘লিপিকা’ কোন্ শ্রেণির রচনা? এ বিষয়ে আপনার অভিমত যুক্তিসহ সংক্ষেপে লিখুন।

## ষষ্ঠ পত্র

### প্রথম অর্ধ

**মান : ৫**

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দিন : ৫

ক) বাংলা ভাষার শব্দভাণ্ডারে বিদেশী শব্দঋণ সম্পর্কে সংক্ষেপে লিখুন।

খ) বাংলা ব্যঞ্জনধ্বনিগুলির বিভাজন করুন। উচ্চারণ স্থান অনুসারে

গ) বাংলা বাক্যতত্ত্ব দৃষ্টান্ত দিয়ে বোঝান।

ঘ) বাংলা চলিত ও চলতি ভাষা সংক্ষেপে আলোচনা করুন।

ঙ) নব্য বাংলা ভাষার বিবর্তন সংক্ষেপে বুঝিয়ে দিন।

### দ্বিতীয় অর্ধ

**মান : ৫**

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দিন : ৫

ক) বিদ্যাপতি ও চণ্ডীদাসের কবিভাবনার পার্থক্য সূত্রাকারে নির্দেশ করুন।

খ) 'মৈমনসিংহ গীতিকা'-য় আপনাদের পাঠ্যসূচির অন্তর্গত গীতিকা অবলম্বনে গীতিকার গঠন-বৈশিষ্ট্য নির্দেশ করুন।

গ) চণ্ডীমঙ্গলের আখেটিক খণ্ডে গুজরাট নগর স্থাপনের যে বর্ণনা আছে তা সংক্ষেপে লিখুন।

ঘ) 'চৈতন্যভাগবত'-এর অন্ত্যখণ্ডের মূল ঘটনা পাঠ্যাংশ অবলম্বনে সংক্ষেপে লিখুন।

## সপ্তম পত্র [বিশেষপত্র]

## মধ্যযুগের বাংলা সাহিত্য

### প্রথম অর্ধ

**মান : ৫**

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দিন : ৫

ক) 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যের কালজ্ঞাপক পংক্তি দুটি উল্লেখ করে কাব্য রচনার কাল নির্ণয় করুন। এবং সেই সূত্রে কবির পৃষ্ঠপোষক সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

খ) এই বস্ত্রের বর্ণ যেমত হউক তোমার।
প্রতি বার জলে তোমার মিলিবে আহার।।
– রাম কাকে কেন একথা বলেছেন। কৃত্তিবাসের রামায়ণে এই অংশের তাৎপর্য বুঝিয়ে দিন।

গ) ধর্মমঙ্গল কাব্যে 'শালে-ভর পালা'র গুরুত্ব সংক্ষেপে আলোচনা করুন।

## দ্বিতীয় অর্ধ

**মান : ৫**

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দিন : ৫

ক) হাতক দরপন মাথক ফুল।
নয়নক অঞ্জন মুখক তাম্বুল।।
– কার পদ ? পদটির কাব্যসৌন্দর্য বিষয়ে সংক্ষেপে লিখুন।

খ) এক দিঠ করি ময়ূর-ময়ূরী
কণ্ঠ করে নিরীক্ষণে।
– কোন্ পদের পংক্তি ? এই পদটি অবলম্বন করে এই পর্যায়ের পদে পদকর্তার সিদ্ধি সংক্ষেপে আলোচনা করুন।

গ) অমিয়া-সাগরে সিনান করিতে
সকলি গরল ভেল।।
– কোন্ পর্যায়ের পদের পংক্তি ? এই পদে পদকর্তা যে-অনুভূতিতে পৌঁছেছেন, তা সংক্ষেপে বুঝিয়ে দিন।

## কথাসাহিত্য

## প্রথম অর্ধ

**মান : ৫**

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দিন : ৫

ক) 'যদি জানিতাম যে, স্ত্রীলোকের বিবাহ দাসীত্ব, তবে কদাপি বিবাহ করিতাম না'। – এই উক্তি কপালকুন্ডলা চরিত্রের কোন্ দিকটি উন্মোচিত করেছে তা স্পষ্ট করুন।

খ) 'ঘরে-বাইরে' উপন্যাসটিকে 'রাজনৈতিক' বলা কতদূর সঙ্গত ? যুক্তি দেখান।

গ) 'কঙ্কাবতী' উপন্যাসে দীর্ঘশুণ্ড নামে মশার প্রদত্ত ভাষণের তাৎপর্য কী ?

## দ্বিতীয় অর্ধ

**মান : ৫**

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দিন : ৫

ক) 'রাধা' উপন্যাসটিকে 'রাঢ়-বঙ্গের দর্পণ' বলা যায় কিনা সে বিষয়ে যুক্তি দেখান।

খ) মৃত্যু-প্রসঙ্গগুলির মধ্যে দিয়ে 'পুতুলনাচের ইতিকথা'য় জীবনচেতনার কোন্ বিশিষ্টতা রূপ পেয়েছে ?

গ) ইন্দির ঠাকরুনের মৃত্যুর মধ্যে দিয়ে একটি যুগের অবসান কী অর্থে, তা বিশদ করুন।

## নাটক

### প্রথম অর্ধ

**মান : ৫**

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দিন : ৫

ক) অ্যারিস্টটল ট্র্যাজেডির নায়ক সম্পর্কে কী কী বলেছেন ?

খ) মেলোড্রামার বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন।

গ) অমরেন্দ্রনাথ দত্ত সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

### দ্বিতীয় অর্ধ

**মান : ৫**

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দিন : ৫

ক) 'নব-নাটক'-এর নামকরণের সার্থকতা বিশ্লেষণ করুন।

খ) 'জমীদার দর্পণ' নাটকের ভাষা কতদূর পর্যন্ত নাট্য বিষয়ের উপযোগী হয়েছে, সংক্ষেপে লিখুন।

গ) 'কৃষ্ণকুমারী' নাটকে মদনিকা ও ধনদাস উপকাহিনিটির প্রয়োজনীয়তা বিচার করুন।

## অষ্টম পত্র [বিশেষপত্র]

## মধ্যযুগের বাংলা সাহিত্য

### প্রথম অর্ধ

**মান : ৫**

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দিন : ৫

ক) 'লোরচন্দ্রাণী' কাব্যে 'চন্দ্রাণীর খেদ'-এর পরিচয় দিন।

খ) 'ভক্তিরত্নাকর'-এর কবি-পরিচয় দিন।

গ) পুথি সংরক্ষণের প্রয়োজনীয়তার দিকগুলি উল্লেখ করুন।

### দ্বিতীয় অর্ধ

**মান : ৫**

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দিন : ৫

ক) মঙ্গলকাব্য রচনার প্রেক্ষাপট (সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক) সম্পর্কে যা জানেন লিখুন।

খ) বৈষ্ণবীয় পঞ্চরস সম্পর্কে আলোকপাত করুন।

গ) শ্রীচৈতন্যের নীলাচল লীলার বর্ণনা দিন।

## কথাসাহিত্য

### প্রথম অর্ধ

### মান : ৫

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দিন : ৫

ক) মেয়েদের জীবন-চর্যার চিত্র ‘প্রথম প্রতিশ্রুতি’ উপন্যাসে কিভাবে ফুটে উঠেছে, তা সংক্ষেপে লিখুন।

খ) স্বীকারোক্তিমূলক উপন্যাস হিসাবে ‘শেষ নমস্কার, শ্রীচরণেষু মাকে’ উপন্যাসের বৈশিষ্ট্যগুলি নির্দেশ করুন।

গ) ‘টানাপোড়েন’ উপন্যাসের আঞ্চলিক স্বভাব-বৈশিষ্ট্য নিরূপণ করুন।

### দ্বিতীয় অর্ধ

### মান : ৫

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দিন : ৫

ক) অবনীন্দ্রনাথ ঠাকুরের ‘মোহিনী’ গল্পে যে গভীর মনস্তাত্ত্বিক জটিলতা আছে তা গল্প অনুসরণে নির্দেশ করুন।

খ) ‘তেলেনাপোতা আবিষ্কার’ গল্পের নামকরণের সার্থকতা ব্যাখ্যা করুন।

গ) ‘উলটপুরাণ’ গল্পে পরশুরাম ব্রিটিশের ও ভারতীয়ের কোন্ কোন্ দিকগুলিকে ব্যঙ্গ করেছেন তা গল্প অবলম্বনে লিখুন।

## নাটক

### প্রথম অর্ধ

### মান : ৫

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দিন : ৫

ক) ‘আলমগীর’ নাটকের সংলাপ বিষয়ে সংক্ষেপে লিখুন।

খ) ‘পথ’ নাম বদল করে রবীন্দ্রনাথ নাটকের নাম রেখেছেন ‘মুক্তধারা’-তার সার্থকতা কোথায় আলোচনা করুন।

গ) ‘সিরাজদৌলা’ নাটক কি ট্রাজেডি হতে পেরেছে ? সংক্ষেপে বিচার করুন।

### দ্বিতীয় অর্ধ

### মান : ৫

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দিন : ৫

ক) ‘নবান্ন’ নাটকের প্রধান সমাদ্দার চরিত্রের উপযোগিতা বিচার করুন।

খ) ‘চাঁদবণিকের পালা’ নাটককে ‘পালা’ বলা হয়েছে কেন ?

গ) একাঙ্ক নাটকের স্বভাব-বৈশিষ্ট্য ‘দেবী’ নাটকে ফুটে উঠেছে কিনা বিচার করুন।